

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সততা স্টোর

গত ০২ আগস্ট ২০১৭ তারিখ বেলা ০২.০০ টায় ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি মন্ত্রণালয়ে স্থাপিত 'সততা স্টোর' এর উদ্বোধন করেন। দুর্নীতি দমন কমিশনের (দুদক) এর বহুল প্রশংসিত উদ্যোগ হল সততা স্টোর যা বিভিন্ন বিদ্যালয়ে কোমলমতি শিক্ষার্থীদের সততা ও নৈতিকতার মূল্যবোধ বিকাশের সুযোগ সৃষ্টি করছে। বিক্রেতা বিহীন সততা স্টোরের আদলে এ মন্ত্রণালয়েও সততা স্টোর চালু করা হয়। উদ্বোধন কালে আরও উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) জাবেদ আহমেদ, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজাসহ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

দোকান আছে কিন্তু বিক্রেতা নাই। পণ্য সামগ্রী সব ঠিকঠাক গুছিয়ে রাখা আছে। প্রয়োজনীয় পণ্য কিনে নির্ধারিত মূল্য ক্যাশবক্সে রেখে দিবে, এমনি এক সততার পরীক্ষা দিচ্ছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। সততা স্টোরে হালকা পানীয়, খাবার এবং প্রাথমিক চিকিৎসার ঔষধ, স্যালাইন ইত্যাদি রাখা রয়েছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের অর্থায়নে সততা স্টোরটি পরিচালিত হচ্ছে। ঢাকার ইস্কাটনে অবস্থিত এ মন্ত্রণালয়ের কাছাকাছি ভাল মানের কোন দোকানপাট না থাকায় অতি প্রয়োজনীয় জিনিসপত্র তাৎক্ষণিকভাবে প্রাপ্তির উদ্দেশ্যে এ সততা স্টোরের শুরু। সততা স্টোরটি অত্যন্ত সফলতার সাথে পরিচালিত হচ্ছে।

